



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/ ২৭৬০/৬

তারিখঃ ০২/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/২৭৩৫/৭; তারিখঃ ১৪/১১/২০১৭খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/২৭০৪/৪; তারিখঃ ০২/১০/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার সদর উপজেলাধীন নগুয়া আয়শা আহাদ দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ আব্দুল খালেক দীর্ঘদিন যাবৎ সাময়িক বরখাস্ত থাকায় মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন- ৩৬৫৭/২০১৫ এ প্রদত্ত আদেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে তাঁকে পত্র দেয়া হয়। ইতোমধ্যে সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ আব্দুল খালেক কর্তৃক পুনরায় আবেদন পত্র দাখিল করা হয়। আবেদনপত্রে বোর্ডের নির্দেশনা অনুযায়ী অদ্যাবধি কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে উল্লেখ করা হয়। পরবর্তীতে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রেরিত পত্রের আলোকে কেন কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়নি সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পুনরায় পত্র দেয়া হয় কিন্তু পত্রের প্রেক্ষিতে কোন জবাব পাওয়া যায়নি।

বর্ণিত অবস্থায় বোর্ড কর্তৃক প্রেরিত সূত্রোক্ত স্মারকদ্বয়ের পত্র মোতাবেক কোন ব্যবস্থা গ্রহণ না করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৪৬/৪/নথি নং- কিশোরগঞ্জ-০৯; তারিখঃ ১৮/০১/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ✓ সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি; এবং

২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, নগুয়া আয়শা আহাদ দাখিল মাদ্রাসা, ডাকঘর- কিশোরগঞ্জ, সদর, কিশোরগঞ্জ।

নং-বামাশিবো/প্রশাসন/কিশোরগঞ্জ-০৯/

তারিখঃ ০২/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, কিশোরগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কিশোরগঞ্জ।
৪. জনাব মোঃ আব্দুল খালেক, সুপার (সাময়িক বরখাস্ত), নগুয়া আয়শা আহাদ দাখিল মাদ্রাসা, সদর, কিশোরগঞ্জ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪